গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

আদেশ নং-৪২/২০২৪/কাস্টমস/ ৪০৬ তারিখ: ২৩-০৯-২০২৪ খ্রি:।

**বিষয়:** পোশাক শিল্প ব্যতীত সরাসরি রপ্তানিমুখী প্রতিষ্ঠানের জন্য চুক্তি ভিত্তিক (সাব কন্ট্রাক্ট) পণ্য উৎপাদনপূর্বক রপ্তানির ক্ষেত্রে পালনীয় পদ্ধতি ও প্রক্রিয়া সংক্রান্ত নির্দেশনা।

রপ্তানি বাণিজ্য প্রসার ত্বরান্বিত করার স্বার্থে ওয়ারহাউস ব্যবস্থাপনার অধিকতর সংস্কার ও আধুনিকায়নের লক্ষ্যে পোশাক শিল্প ব্যতীত সরাসরি রপ্তানিমুখী প্রতিষ্ঠানের শিল্প প্রতিষ্ঠানসমূহের সাব-কন্ট্রাক্ট এর ভিত্তিতে পণ্য উৎপাদনপূর্বক রপ্তানি কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে কাঁচামালের আন্তঃবন্ড স্থানান্তর অনুমোদন করা যাইবে, যথা:-

(ক) আমদানিকৃত উপকরণের মূল স্বত্বাধিকারী এবং চুক্তিভিত্তিক উৎপাদনকারীর মধ্যে সম্পাদিত চুক্তি দেশে বলবৎ The Contract Act, 1872 (ACT No.IX OF 1872) এর বিধি বিধান অনুসরণপূর্বক সম্পন্ন করিতে হইবে;

(খ) চুক্তিভিত্তিক পণ্য উৎপাদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাঁচামালের মেয়াদ ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের অনুমোদিত মেয়াদ এর মধ্যে হইতে হইবে;

(গ) চুক্তি সম্পাদনকারী উভয় উৎপাদকের হালনাগাদ নবায়িত ওয়্যারহাউস লাইসেন্স থাকিতে হইবে;

(ঘ) দুইটি ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের মধ্যে পারস্পরিক চুক্তির (সাব-কন্ট্রাক্ট) ভিত্তিতে চুক্তিভুক্ত উৎপাদককে সরকার কর্তৃক স্বীকৃত সংগঠনের সদস্য হইতে হইবে এবং সদস্যপদ হালনাগাদ নবায়িত থাকিতে হইবে;

(ঙ) রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল এবং অর্থনৈতিক অঞ্চলের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ থেকে অনুমতিপত্র গ্রহণ করিতে হইবে;

(চ) রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল এবং অর্থনৈতিক অঞ্চলের ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক নির্ধারিত কর্মকর্তা প্রযোজ্য বিধি বিধানের আলোকে সাব-কন্ট্রাক্ট অনুমোদন প্রদান করিবেন;

(ছ) রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল এবং অর্থনৈতিক অঞ্চলের বাহিরে অন্যান্য ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে চুক্তিপত্রের কপি সংশ্লিষ্ট সংগঠন বরাবর প্রেরণ করিতে হইবে এবং উক্তরূপ চুক্তিপত্রের ভিত্তিতে সংগঠন একটি অনুমতিপত্র ইস্যু করিবেন, যাহার একটি কপি সংশ্লিষ্ট বন্ড কমিশনারেট, অথবা ক্ষেত্রমত মূসক কমিশনারেটের কমিশনার বরাবর ইস্যুর তারিখ হতে ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে প্রেরণ করিতে হইবে;

(জ) চুক্তি সম্পাদনকারী উৎপাদকগণ ভিন্ন ভিন্ন কমিশনারেটের অধিক্ষেত্রে অবস্থিত হইলে চুক্তি প্রদানকারী উৎপাদককে তাহার ওয়্যারহাউস লাইসেন্স প্রদানকারী কমিশনার অথবা ক্ষেত্রমত মূসক কমিশনারেটের কমিশনারের নিকট হইতে পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে। এইক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনার স্বীয় বিবেচনা

মোতাবেক উৎপাদন তদারকি অথবা Escorting -এর মাধ্যমে কাঁচামাল স্থানান্তরের শর্ত আরোপ করিতে পারিবেন;

(ঝ) চুক্তিভিত্তিক পণ্য উৎপাদনের অনুমতিপত্রে পণ্য ফেরতের সুনির্দিষ্ট তারিখ অবশ্যই উল্লেখ করিতে হইবে;

(ঞ) প্রতিষ্ঠানের বিরুদ্ধে দাবিনামা, অবৈধ অপসারণ, জালিয়াতির অভিযোগে মামলা/দাবীনামা অনিষ্পন্ন থাকিলে চুক্তিভিত্তিক উৎপাদনের অনুমতির জন্য সংশ্লিষ্ট কমিশনারের নিকট আবেদন করিতে হইবে এবং কমিশনার স্থানান্তরতব্য পন্যচালানের উপর আরোপনীয় শুল্ক ও করের সমপরিমান নিঃ শর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি গ্রহণ করিয়া স্থানান্তর এর অনুমোদন প্রদান করিবেন এবং স্থানান্তরিত পণ্য প্রক্রিয়াকরণপূর্বক মূল উৎপাদকের কারখানায় ফেরত আসিবার পর সংশ্লিষ্ট কমিশনার ব্যাংক গ্যারান্টি অবমুক্তকরণের আদেশ প্রদান করিবেন। তবে নিম্নবর্ণিত ক্ষেত্রে ব্যাংক গ্যারান্টির পরিবর্তে অঙ্গিকারনামা গ্রহণ করিতে হইবে; যথা:-

i. প্রতিষ্ঠানের বিরুদ্ধে দাবিনামা, অবৈধ অপসারণ, জালিয়াতির অভিযোগে দাবিনামা সংবলিত কারণ দর্শাও নোটিশ জারি হইয়াছে কিন্তু এখনও বিচারাদেশ জারি হয় নাই;
ii. কমিশনারেটের বিচারাদেশের বিরুদ্ধে পরবর্তী আপিল কর্তৃপক্ষ কর্তৃক প্রতিষ্ঠানের পক্ষে রায় প্রদান করা হইলে;
iii. আপিল কর্তৃপক্ষ প্রতিষ্ঠানের পক্ষে রায় প্রদান করিয়াছে এবং কমিশনারেট হইতে উক্ত রায়ের বিরুদ্ধে উচ্চতর আপিল কর্তৃপক্ষ বরাবর আপিল করা হইয়াছে; এবং
iv. যেক্ষেত্রে চূড়ান্ত আপিল কর্তৃপক্ষ প্রতিষ্ঠানের পক্ষে রায় প্রদান করিয়াছে।

(ট) সংশ্লিষ্ট কমিশনারেট এবং রপ্তানিকারকগণের সংগঠন চুক্তিভিত্তিক উৎপাদনের ক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী উৎপাদকের নাম, Business Identification Number (BIN), স্থানান্তরযোগ্য পণ্যের সাথে সংশ্লিষ্ট মাস্টার ঋণপত্র/ ব্যাক টু ব্যাক ঋণপত্র/ সেলস কন্ট্রাক্ট নম্বর, জাহাজীকরণের সর্বশেষ তারিখ, পণ্য ঘোষণা প্রদানের (বিল অব এন্ট্রি) নং ও তারিখ, পণ্যের নাম ও পরিমাণ এবং পণ্য ফেরতের সর্বশেষ তারিখ উল্লেখপূর্বক স্থায়ীভাবে তথ্য সংরক্ষণ করিবেন;

(ঠ) চুক্তি সম্পাদনকারী প্রতিষ্ঠানসমূহের বার্ষিক নিরীক্ষার সময় চুক্তিসমূহে উল্লিখিত সময়ের মধ্যে তাহা যথাযথভাবে সম্পাদন করা হইয়াছে কি-না এবং চুক্তিসমূহের বিপরীতে বৈদেশিক মুদ্রায় মূল্য পরিশোধের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের Guidelines for Foreign Exchange Transactions, 2018 (Vol-1) এর বিধানাবলী অনুসরণ করা হইয়াছে কি-না তাহা সংশ্লিষ্ট কাস্টমস অফিসার পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করিয়া দেখিবেন;

(ড) সাব-কন্ট্র্যাক্ট এর ক্ষেত্রে এতদসংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের ভ্যাট বিভাগের সাধারণ আদেশ নংঃ ০৮/মুসক/২০২২; তারিখঃ ০১ জুন ২০২২ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করিয়া সম্পন্ন করিতে হইবে;

(ঢ) প্রতিষ্ঠানের ওয়্যারহাউস লাইসেন্স বা Business Identification Number (BIN) স্থগিত থাকাকালে সাব-কন্ট্রাক্টের অনুমতি প্রদান করা যাইবে না;

(ণ) এই বিধির কোন ব্যত্যয় হইলে চুক্তি প্রদানকারী রপ্তানিকারকের ওয়্যারহাউস লাইসেন্স প্রদানকারী কমিশনারেট চুক্তির অনুমতিপত্র বাতিল করিয়া কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ২৩ নং আইন) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন।

২। সাব-কন্ট্রাক্ট বা চুক্তিভিত্তিক পণ্য উৎপাদনপূর্বক রপ্তানি সংক্রান্ত এ আদেশ জনস্বার্থে কাস্টমস আইন ২০২৩ এর ধারা ২৬৬ এ প্রদত্ত ক্ষমতাবলে জারি করা হইলো এবং অবিলম্বে তা কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

Ahsan
23/09/24

এইচ এম আহসানুল কবীর
দ্বিতীয় সচিব
কাস্টমসঃ রপ্তানি ও বন্ড
ই-মেইল- ssbondnbr@gmail.com

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০২.০০৫.১৭. ৪০৬ (২) তারিখ: ২৩-০৯-২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কমিশনার, কাষ্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিন)/চট্টগ্রাম।

২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, আঁগারগাঁও, ঢাকা (আদেশটি জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।

৩। পি এ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪-৫। অফিস কপি/গার্ড কপি।